22

ভোরের কাগজ

তারিখ ...MAR. 1.6.1999 ......
পৃষ্ঠা ১০ কলাম ৫ ......

# শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান

ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত থেকে বেতন গ্রহণকারী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর নন গেজেটেড সরকারি কর্মচারীদের কাছ থেকে তাদের সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছে।

২৮ এপ্রিলের মধ্যে এ আবেদন পৌঁছাতে হবে। কন্টিনজেন্সি, ওয়াকচার্জড কর্মচারী যারা একনাগাড়ে ৫ বছর বা তার চেয়েও বেশি সময় ধরে চাকরিতে নিয়োজিত রয়েছেন তারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। প্রাথমিক শিক্ষা ব্যতীত যেকোনো শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব দুইজন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। পরিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়ে এবং জেলা প্রশাসকের অফিসে বিনামূল্যে ফরম বিতরণ করা হচ্ছে।

আবেদনপত্র পাঠানোর ঠিকানা : পরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০, উপপরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন (৩য় তলা), সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

বিভাগীয় অফিসগুলোর ঠিকানা : উপপরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম (চট্টগ্রাম ও সিলেট বিভাগের জন্য), উপপরিচালক সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা, উপপরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী এবং উপপরিচালক, সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর, বিভাগীয় কার্যালয়, সদর হাসপাতাল ভবন, বরিশাল। তথ্য বিবরণী।